



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।



শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৪)/২০১৯-২০২০/১২৮১

তারিখঃ ০৯.০৪.২০২০ ইং

- ০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
- ০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা

বিষয়ঃ লকডাউন এলাকায় ব্যাংক শাখা বন্ধ রাখা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

দেশব্যাপী করোনা ভাইরাস রোগ বিস্তার ও সংক্রমণের কারণে জনপ্রশাসন মন্ত্রণালয় ও বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক সাধারণ ছুটির দিনগুলোতে অন্যান্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের ন্যায় বাংলাদেশ কৃষি ব্যাংক বিভিন্ন ভাড়া গ্রহনকারীসহ ব্যাংকের সন্যাসিত গ্রাহকগণকে সেবা প্রদান এবং দেশের ব্যবসা-বাণিজ্যসহ অন্যান্য অর্থনৈতিক কর্মকান্ড সচল রাখার জন্য সীমিত আকারে ব্যাংকিং সেবা চালিয়ে যাচ্ছে। ইতিমধ্যে, করোনা ভাইরাসের কমিউনিটি ট্রান্সমিশন প্রতিরোধে দেশের বেশ কিছু এলাকা, অঞ্চল এবং শহরকে সরকারের স্থানীয় প্রশাসন কর্তৃক লকডাউন ঘোষণা করা হয়েছে।


০২। এমতাবস্থায়, আপনার নিয়ন্ত্রনাধীন যে সকল অঞ্চল সরকারের স্থানীয় প্রশাসন কর্তৃক লকডাউন ঘোষণা করা হয়েছে উক্ত এলাকার স্থানীয় প্রশাসনের সাথে আলাপ ও সিদ্ধান্তক্রমে এবং বিকেবি প্রধান কার্যালয়ের উপযুক্ত কর্তৃপক্ষকে অবহিত করে উক্ত অঞ্চলের শাখাসমূহ পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বন্ধ রাখার পরামর্শ দেয়া যাচ্ছে। তাছাড়া পরবর্তীতে স্থানীয় প্রশাসন কর্তৃক আরো কোন অঞ্চল লকডাউন ঘোষণা করলে সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক তার আওতাধীন শাখাসমূহ সাময়িক/পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বন্ধ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।

০৩। উল্লেখ্য লকডাউনের কারণে কোন শাখা বন্ধ করা হলে, বন্ধকালীন সময়ে শাখার সার্বিক নিরাপত্তা নিশ্চিত করনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন। পাশাপাশি কোন অনলাইন শাখা বন্ধ রাখার সিদ্ধান্ত গ্রহনকালে প্রধান কার্যালয়ের আইসিটি সিস্টেমস্ কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ এবং আইসিটি অপারেশন বিভাগকে যথাসময়ে অবহিত করতে হবে।

০৪। বিষয়টি জরুরী ও গুরুত্বপূর্ণ।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,



(মুহাম্মদ তাইবুর রহমান)
সহকারী-মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৭৪০২৫

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৪)/২০১৯-২০২০/১২৮১(১২৫০)

তারিখঃ ০৯.০৪.২০২০ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

- ০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৫। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেমস্ কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে উপরোক্ত পত্রটি বিকেবির ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৯। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১০। নথি/মহানথি।


(মোঃ শাহরিয়ার মাহমুদ চৌধুরী)
মুখ্য কর্মকর্তা